তারিখ ... 17 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

103

# রাজশাহী সিটি কলেজ ছাত্র সংসদ নির্বাবচনের উপর নিষেধাজ্ঞা

।। নিজস্ব সংবাদদাতা ।।

রাজশাহী, ১৬ই আগস্ট।–রাজশাহী সাব-জজ কোর্টের বিজ্ঞ জজ রাজশাহী সিটি কলেজ ছাত্র সংসদ নির্বাচনের উপর অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন। কাল শনিবার এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (না-শ),

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রাজশাহী সিটি কলেজ

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রলীগ (শা-জ) এবং ছাত্রমৈত্রীর যুক্ত প্যানেলের পক্ষ থেকে নির্বাচনের মনোনয়নপত্র বাছাইয়ে কলেজ কর্তৃপক্ষের ঘাপলা ও অনিয়মের কারণে মামলা দায়ের করা হলে আদালত সাত দিনের অস্থায়ী নিষেধাজ্ঞা আরেপ করেন।

এদিকে ছাত্র ঐক্য পরিষদ, ছাত্র মৈত্রী ও ছাত্র ইউনিয়ন পৃথক পৃথক বিবৃতিতে সিটি কলেজের সেকান্দর আলীর নেতৃত্বে ছাত্রদলের কর্মীরা গতকাল বিকালে ছাত্র ইউনিয়নের প্রণব কুমার সান্যাল ও জুলফিকার মতিনের উপর হামলা চালায় বলে অভিযোগ করেন।